দৈনিক সংবাদ

তারিখ ... 19 FEB 1995 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

21

## ইসলামী ভার্সিটি ঃ ভিসিকে অবাঞ্ছিত ঘোষণা

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১৮ই ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতার ফোন)।– ৭ দফা দাবিসহ উপাচার্য প্রফেসর এম, এ হানিফের পদত্যাগের দাবিতে ৭২ ঘন্টা ছাত্র ধর্মঘট এবং ১৪ই ফেব্রুয়ারি থেকে ভিসি'র অফিস তালাবদ্ধ করার কর্মসূচী পালনের পর আগামী ২১শে ফেব্রুয়ারি হতে ক্যাম্পাসে উপাচার্যকে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। আজ শনিবার সর্বদলীয়

ভিসি ঃ পৃঃ ৬ কঃ ৬

## ভিসি ঃ অবাঞ্ছিত ঘোষণা

( ১ম পৃষ্ঠার পর )

ছাত্রঐক্যের বৈঠক থেকে ওই সিদ্ধান্ত ঘোষণা করা হয়।

ছাত্র ইউনিয়নের নেতা নওয়াব আলী খানের সভাপতিত্বে উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন ছাত্রদলের মোহাম্মদ আলী, ছাত্রলীগের (শা–পা) মীর জিল্লুর রহমান, ছাত্রমৈত্রীর উৎপল কুমার পাল, জাতীয় ছাত্রদলের আসাদুজ্জামান, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আবদুল কাদের টুটুল প্রমুখ।

আগামীকাল রোববার ও সোমবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশের কর্মসূচী ঘোষণা করা হয়েছে।

উপাচার্য ক্যাম্পাসে উপস্থিত থাকলেও তার অফিসকক্ষে তালা ঝুলিয়ে দেয়ার কারণে তিনি আজ অফিস করতে পারেননি।

ইসলামী ছাত্র শিবির উপাচার্যের পদত্যাগ এবং স্থায়ী রেজিষ্টার নিয়োগের দাবিতে আজ শনিবার থেকে অনির্দিষ্টকালের জন্য ভিসি অফিসে তালা ঝুলিয়ে দিয়েছে।